ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে সিটি লেভেল কো-অর্ডিনেশন (সিএলসিসি) সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোহাম্মদ এজাজ, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : ১১অগ্রহায়ন, ১৪৩২ বঙ্গাব্দ ।। ২৬ নভেম্বর ২০২৫ |
| সময় | : বেলা-১১.০০ ঘটিকায়। |
| স্থান | : ৬ষ্ঠ তলার সভাকক্ষ, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

স্বাগত বক্তব্য: ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত সিটি লেভেল কো অর্ডিনেশন কমিটির (সিএলসিসি) ১ম সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্মানিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মুহাম্মদ আসাদুজ্জামান। তিনি তাঁর বক্তব্যে বিদ্যমান স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ (এরপর থেকে সিটি কর্পোরেশন আইন ২০০৯ হিসেবে উল্লেখিত) এ সিটি কর্পোরেশনের পরিচালন ব্যবস্থা, আর্থিক সক্ষমতা এবং মানবসম্পদ উন্নয়নের যথেষ্ঠ সুযোগ রয়েছে বলে বক্তব্যে তুলে ধরেন। ক্রমবর্ধমান জনসংখ্যা ও জটিলতার মাঝে নাগরিকদেরকে সেবা প্রদানের ক্ষেত্রে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে অনেক ধরণের চ্যালেঞ্জের মুখোমুখি হতে হচ্ছে এবং এ সকল চ্যালেঞ্জ মোকাবেলায় নাগরিকদেরকে সম্পৃক্ত করা যেমন প্রয়োজন, তেমনি নগরের পরিবেশ উন্নয়নের লক্ষ্যে, নাগরিক সেবার মান উন্নয়নের জন্য নাগরিকদের মধ্যে স্বেচ্ছাসেবি প্রবণতা বৃদ্ধি এবং স্থানীয় অবকাঠামো ও সেবা প্রদানের ক্ষেত্রে নাগরিক চাহিদা সম্পর্কে অবহিত হওয়া ও তাদের মতামত নেয়ার জন্যও নাগরিকদের সম্পৃক্ততা প্রয়োজন বলে তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন। তিনি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভার মূল আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

সভায় জাইকা-সিফরসি ২ প্রকল্পের প্রতিনিধি, সিটি গভার্নেন্স স্পেশালিস্ট জনাব মনি মালা রায়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রকাশিত নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা ২০২০ অনুযায়ী নাগরিক সম্পৃক্তকরণের বিভিন্ন প্লাটফর্ম যেমন কেন্দ্রীয় পর্যায়ে সিএলসিসি এবং ওয়ার্ড পর্যায়ে ডাব্লিউএলসিসি গঠনের প্রক্রিয়া ও প্রয়োজনীয়তার বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। তিনি তার উপস্থাপনায় সিটি কর্পোরেশনের সেবা প্রদান কার্যক্রমে স্বত:স্ফূর্ত নাগরিক অংশগ্রহণ, নাগরিক দায়িত্ব ও কর্তব্যের বিষয়ের প্রতি অধিকতর গুরুত্বারোপ করেন।

সভায় প্রধান প্রকৌশলী মহোদয় প্রকৌশল বিভাগাধীন (১) সড়ক, ফুটপাথ, সারফেস ড্রেন, ফুটওভার ব্রীজ, আন্ডারপাস, মার্কেট, কমিউনিটি সেন্টার ইত্যাদি নির্মাণ, রক্ষনাবেক্ষণ ও মেরামত, যাত্রী ছাউনি রক্ষনাবেক্ষণ ও মেরামত, (২) সড়ক বাতি স্থাপন ও মেরামত (৩) বাজার/মার্কেটের বিদ্যুতায়ন (৪) রোড মার্কিং (৫) ট্রাফিক সাইন স্থাপন ও মেরামত (৬) পার্ক, খেলার মাঠ, কবরস্থান নির্মাণ, রক্ষনাবেক্ষণ ও মেরামত; (৭) ভারী ও হালকা যানবাহন ক্রয়, রক্ষনাবেক্ষণ ও মেরামত (৮)সড়ক খননের অনুমতি প্রদান ও মেরামত (৯) জুলাই শহীদদের স্মরণে রাজধানী বাড্ডা এলাকায় স্বাধীনতা তোরণ নির্মাণ, জুলাই শহীদদের স্মরণে Street

Memory Stump স্থাপন, জুলাই শহীদদের স্মরণে আগারগাঁও এ মুক্তিতোরণ নির্মাণসহ প্রকৌশল বিভাগ কর্তৃক সম্পাদিত অন্যান্য কার্যক্রম বিশদভাবে উপস্থাপন করেন যা পর্যালোচনা করা হয়।

সভায় প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট, আয়, ব্যয় সরকারি ও বৈদেশিক সাহায্য, সরকারি অনুদান, আবর্তক খাতে সাহায্য মঞ্জুরি, প্রারম্ভিক স্থিতি, সমাপনী স্থিতি, রাজস্ব ব্যয়, উন্নয়ন ব্যয় (সরকারি ও বৈদেশিক সাহায্য পুষ্ট প্রকল্প) অন্যান্য ব্যয়, উন্নয়ন ব্যয় (সরকারি উন্নয়ন সহায়তা) উন্নয়ন ব্যয় (নিজস্ব উৎস) ইত্যাদি বিষয় উপস্থাপন করেন যা পর্যালোচনা করা হয়।

সভায় প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ডিএনসিসি অধিক্ষেত্রে অবস্থিত বাউনিয়া, রূপনগর, কসাইবাড়ি, কল্যাণপুর (আগারগাঁও), কল্যাণপুর 'ঘ' (বগার-মা) খাল খনন, খাল থেকে বর্জ্য অপসারণ, আমিন বাজার ল্যান্ডফিলে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম নিয়মিত অবৈধ ব্যানার ফেস্টুন, পোস্টার অপসারণসহ বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন অন্যান্য কার্যক্রম উপস্থাপন করেন যা পর্যালোচনা করা হয়।

সভায় উপপ্রধান স্বাস্থ্য কর্মকর্তা বর্তমান ডেঙ্গু পরিস্থিতি নিয়ে DGHS থেকে প্রাপ্ত দৈনিক ডেঙ্গু আক্রান্ত রোগীর পরিসংখ্যান, ডিএনসিসি কর্তৃক নিশ্চিত ডেঙ্গু আক্রান্ত রোগীর পরিসংখ্যান, মাস ভিত্তিক ডেঙ্গু রোগীর পরিসংখ্যান, DNCC Dengu Dashboard, ২০১৯ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ডেঙ্গু পরিস্থিতির তুলনামূলক চিত্র, Key Challenges, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর গৃহীত কার্যক্রম, যেমন-লার্ভিসাইডিং, ফগিং, মশার প্রজননস্থল ধ্বংসকরণ,জলাশয়ের কচুরিপানা পরিস্কার কার্যক্রম, ডেঙ্গু মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ গৃহীত পদক্ষেপ, Integrated Vector Management (IVM) উপস্থাপন করেন যা পর্যালোচনা করা হয়।

সভায় রাজস্ব বিভাগের প্রধান প্রধান খাত সমূহ যেমন-হোল্ডিং ট্যাক্স, মার্কেট সেলামী, দোকান ভাড়া, ই-ট্রেড লাইসেন্স, বিজ্ঞাপন, প্রমোদকর, রিক্সা লাইসেন্স, সম্পত্তি হস্তান্তর কর, নগর কর, মোবাইল টাওয়ার কর ইত্যাদি খাত ভিত্তিক রাজস্ব আয় উপস্থাপন ও পর্যালোচনা করা হয়।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সুপারিশ প্রদান করা হয়:-

| | | |
|---|---|---|
| সুপারিশ-১ | : | সভায় মাঠ পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নাগরিক অংশগ্রহণের বিষয়ে গুরুত্ব প্রদানের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সুপারিশ -২ | : | সভায় নাগরিক অংশগ্রহণের মাধ্যমে সঠিক তথ্য প্রবাহ ও জবাবদিহিতা নিশ্চিতে করে স্বচ্ছতা ও সক্ষমতা বৃদ্ধির বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সুপারিশ -৩ | : | কর্পোরেশনের বিভিন্ন সমস্যা, নীতিমালা, পরিকল্পনা প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নাগরিকদের পরামর্শ গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সুপারিশ -৪ | : | সভায় বছরে ০২ (দুই) বার সিএলসিসি সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সুপারিশ -৫ | : | আলোচ্য কমিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ নীতিমালা ও পরিকল্পনাসমূহ পরিবীক্ষণ করবে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সুপারিশ -৬ | : | কর্পোরেশনের অর্জন, সাফল্য, অগ্রাধিকার প্রাপ্ত কর্ম-পরিকল্পনা নাগরিকগণের সাথে শেয়ার করতে হবে এবং অবকাঠামো নির্বাচন, প্রকল্পের অগ্রগতি প্রদান ও অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করে নাগরিক অসন্তোষ হ্রাস করতে হবে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

সিএলসিসি (CLCC) কমিটির সভাপতি, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় প্রশাসক সভায় সমাপনী বক্তব্য প্রদান করেন। তিনি তাঁর বক্তব্যে শহরের উন্নয়ন, সুশাসন ও নাগরিক সেবার মানোন্নয়নে নাগরিকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ মর্মে সভায় উপস্থাপন করেন। সমন্বিত পরিকল্পনার মাধ্যমে নাগরিক সেবানিশ্চিত করা, উন্নয়নকে টেকসই করা এবং নাগরিকদের জন্য একটি নিরাপদ, সুসংগঠিত ও আধুনিক শহর গড়ে তোলার জন্য সমন্বয় সভা প্রতি তিন মাস অন্তর করার উপর তিনি গুরুত্বারোপ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ এজাজ
প্রশাসক
ও
সভাপতি
CLCC কমিটি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং ৪৬.১০.০০০০.০০৬.৯৯.৩০৯.২০২২—৪২

তারিখ: ২৮ পৌষ / ২২ জানুয়ারী ২০২৫

বিতরণ কার্যার্থে:

...............................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল),-------------------ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল),--------------------- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অফিস কপি।